# "EMERGING POSSIBILITIES IN SANSKRIT STUDIES"

## REVIEWED

## NATIONAL SEMINAR PROCEEDINGS

21ST-22ND JANUARY, 2019

**Edited by**

Anupam Dutta　　Lokesh Mondal

**Department of Sanskrit**

**RANIGANJ GIRLS' COLLEGE**

**2019**

*Published by* :
Raniganj Girls' College

© Editors

Published : 9th December, 2019

*Type Setting & Printed by* :
G D R Computer Centre
Krishna Ram Bose Street
Kolkata-700 004
E-mail : gamapatighosh2009@gmail.com

ISBN : 978-93-81669-36-9

₹ 600/-

| | | |
|---|---|---|
| ◆ Religious Aspects Found in the *Aitareya Brāhmaṇa* | Ashis Mandal | 173 |
| ◆ Śiva-Śakti in Indian Mythology and Philosophical Relevance | Champa Barman | 180 |
| ◆ Iconography of Lord Viṣṇu In The Matsya Purāṇa | Chaitali Kadia | 186 |
| ◆ Cosmitic and Ornament In Ancient India | Mithun Chakraborty | 197 |
| ◆ Karma : an answer to the question about evil | Jayitree Biswas | 205 |
| ◆ A Comparative Discussion of Upanishad and Rabindranaths Humanity in the Light of Philosophy | Suvajit Banerjee | 210 |
| ◆ Political Position of Women in Upanisadic Literature | Pitas Das | 214 |
| ◆ Women have no Home at all : Crisis of Self Recognition in Kalidasa's "Abhigyan Shakuntalam" | Supriti Das | 221 |
| ◆ Goddess Tripurasundarī : In the Context of Śāktopaniṣads and Tantra Literature | Deepashree Mondal | 230 |
| ◆ Elaboration of Method of Acquiring Intuitive Knowledge–Special Stand of Yoga Philosophy | Mrinmay Mallick | 238 |
| ◆ Tandava–Lasya : Views of Bharata's Natyashastra | Swagata Roychowdhury | 242 |
| ◆ Emerging Possibilities in Rāmāyaṇa | Ashoke Mukherjee | 255 |
| ◆ Arthashastra : Rise of Modern Politics | Pradip Karmakar | 259 |
| ◆ The nature of treatment for diseases in the Ṛgvedic Era | Laxmi Maji | 266 |
| ◆ Social Perspectives Reflected in the Third and Fourth Chapters of Yāska's Nirukta | Priyanka Majumder | 270 |
| ◆ Prakriti from Sāṃkhya Point of View | Animesh Mondial | 277 |
| ◆ The problem of accepting God in classical Sāṃkhya : | Buddhadev Das | 280 |
| ◆ Karmayoga : A Path to Employability in the context of Gita | Prof. Koushik Roy | 283 |
| ◆ Rabīndranātha's concept of education and Influence of sanskrit on Rabīndranātha | Dr. Pieu Mondal | 293 |
| ◆ Humanism in the rise of education and humanity | Jubin Yasmin, Dr. Somnath Das, Probali Das | 300 |
| ✣ আয়ুর্বেদ চিকিৎসায় ধূম্র থেরাপির প্রয়োগ | অনিমা সাহ | 305 |
| ✣ বৈদিক যুগে নারীর মর্যাদা | বিধান চন্দ্র রায় | 320 |
| ✣ বৈয়াকরণ পাণিনি এক বিস্ময়কর প্রতিভা | ইন্দ্রাণী লাহা | 325 |
| সাংখ্যমতে কৈবল্য | ইন্দ্রাণী সিংহ | 330 |

# বৈদিক যুগে নারীর মর্যাদা

**বিধান চন্দ্র রায়**

সহায়ক অধ্যাপক

সংস্কৃত বিভাগ

ড. ভূপেন্দ্রনাথ দত্ত স্মৃতি মহাবিদ্যালয়

সৃষ্টির পূর্বে আত্মাই একমাত্র ছিলেন, তিনি কামনা করলেন আমার জায়া উৎপন্ন হোক।[১] এই ঔপনিষদিক বাণী প্রকৃতপক্ষে নারী জাতির মহিমা সম্বন্ধে ভারতীর ধারণাকেই তুলে ধরেছে। ভারতীয় দর্শনে নারী সৃষ্টির সঙ্গে অভিন্ন, অখণ্ড সত্তার প্রকাশ বৈচিত্র্যের রূপায়ণে নারী অপরিহার্য্য।

বৈদিক যুগ বলতে যে যুগে বৈদিক সাহিত্য রচিত হয়েছিল তাই বুঝতে হবে। এই সাহিত্য প্রথাগত সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্ ও সূত্রসাহিত্য। সমগ্র বৈদিক সাহিত্যে, বিশেষতঃ ঋগ্বেদে যে সমাজব্যবস্থার পরিচয় পাওয়া যায়, তা প্রধানত পুরুষশাসিত সমাজ। তথাপি সেই সমাজে নারীদের স্থান নিতান্ত নগণ্য ছিল না। অধ্যয়ণে অধ্যাপনায় শাস্ত্রচর্চায়, শাস্ত্রবিচারে সম্পত্তির অধিকার লাভে অনেক ক্ষেত্রেই বৈদিক সমাজের নারীগণ পুরুষদের সমাজ অধিকার ভোগ করতেন। নিম্নে তা আলোচনা করা হল -

প্রথমত ঃ- নারীগণের শিক্ষালাভ বিষয়ে বৈদিক যুগের প্রাথমিক পর্বে বিশেষ কোন বিধিনিষেধ ছিল না। মেয়েরা বেদপাটে অধিকারিণী এই ভ্রান্ত ধারণা অন্ততঃ ঋগ্বেদের সময়ে প্রচলিত ছিল না। বৈদিক মন্ত্রোচ্চারণে নারীদের অধিকার ছিল এবং সে কারণে, উপনয়নবিধি পুরুষের মতন নারীর ক্ষেত্রেও অবশ্য কর্তব্য ছিল।[২] তাই তো ঋগ্বেদে কিছু ঋষিকার নাম পাই, হয়তো তাঁদের মধ্যে কেউ কেউ শিক্ষালাভের সুযোগ পেতেন, যেমন-বিশ্ববারা, আপালা, গোসা।[৩] আবার বৈদিক ভারতে নারীরা শুধুমাত্র জ্ঞানচর্চায় সমুৎকর্ষলাভ করতেন তা নয়, প্রকাশ্যে শিক্ষাদানের ভারও তাঁরা গ্রহণ করতেন। পাণিনি 'আচার্যা উপাধ্যায়াৎ' পদের উল্লেখ করেছেন। কাশিকাভাষ্যে কাশকৃৎস্না ও আপিশলার নাম পাই মীমাংসা ও ব্যাকরণের পণ্ডিত বোলে। আম্ভৃণ ঋষির কন্যা বাক্, গার্গী, মৈত্রেয়ী, শাশ্বতী এদের কথাও ব্যতিক্রম বলেই মনে হয়।